



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৫৪২


তারিখ: ১৪/০৭/২০২১ খ্রি.

বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির এবং ২০২২ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম স্থগিতাদেশ প্রত্যাহারপূর্বক যথা নিয়মে চালুকরণ।

সূত্র: (১) মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৮১৩; তারিখ: ২৭/০৬/২০২১ খ্রি.
(২) মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭ (অংশ-১).০০১.২০-৮১৮; তারিখ: ২৮/০৬/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অতিমারির কারণে সরকার কর্তৃক প্রদত্ত কঠোর বিধি নিষেধের কারণে মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৮৩৭; তারিখ: ৩০/০৬/২০২১ খ্রি. তারিখে জারীকৃত পত্রের মাধ্যমে স্থগিতকৃত চলমান এ্যাসাইনমেন্ট কার্যক্রম এতদ্বারা প্রত্যাহার করা হলো। সূত্রোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে প্রকাশিত ৬ষ্ঠ থেকে ৯ম ও ২০২২ সনের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত যথা নিয়মে চালু থাকবে। এক্ষেত্রে কোনক্রমেই সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি উপেক্ষা করা যাবে না।

কোভিড ১৯ অতিমারির কারণে সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি যথাযথ পালনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন: ০২-৪১০৫০২৮৫

বিতরণ:

- ১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি